রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বুধবার, জুলাই ২৩, ২০১৪**

**নির্বাচন কমিশন**
**বাংলাদেশ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ৫ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/২০ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ

**এস. আর. ও. নং ১৯৬-আইন/২০১৪।**—জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন) এর ধারা ২২, ধারা ৩, ৫, ৭ এবং ৯ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন, সরকারের পূর্বানুমোদনক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই বিধিমালা জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালার—

(ক) বিধি ৪ ব্যতীত অন্যান্য বিধি অবিলম্বে কার্যকর হইবে; এবং

(খ) নির্বাচন কমিশন, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে সেই তারিখে বিধি ৪ কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(১) **"আইন"** অর্থ জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০ (২০১০ সনের ৩ নং আইন);

(২) **"কমিশন"** অর্থ সংবিধানের অনুচ্ছেদ ১১৮ এর অধীন প্রতিষ্ঠিত নির্বাচন কমিশন;

(৩) **"জাতীয় পরিচয়পত্র"** অর্থ আইনের ধারা ২ এর দফা (২) এ সংজ্ঞায়িত জাতীয় পরিচয়পত্র;

(৪) **"তথ্য-উপাত্ত"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৪) এ সংজ্ঞায়িত তথ্য-উপাত্ত;

(৫) **"দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা"** অর্থ এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে কমিশন কর্তৃক, সময় সময়, ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা;

(৬) **"নাগরিক"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৫) এ সংজ্ঞায়িত নাগরিক;

(৭) **"ফরম"** অর্থ এই বিধিমালার ফরম;

(৮) **"ফি"** অর্থ বিধি ৮ এ উল্লিখিত ফি;

(৯) **"বায়োমেট্রিক ফিচার (Biometric feature)"** অর্থ আইনের ধারা ২ এর দফা (৮) এ সংজ্ঞায়িত বায়োমেট্রিক ফিচার;

(১০) **"ভোটার তালিকা আইন"** অর্থ ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন);

(১১) **"ভোটার হইবার যোগ্য নহেন নাগরিক"** অর্থ ভোটার তালিকা আইনের অধীন ভোটার হইবার যোগ্যতা অর্জন করেন নাই এইরূপ নাগরিক;

(১২) **"স্থানীয় কার্যালয়"** অর্থ কোন নাগরিক যে এলাকায় ভোটার হিসাবে তালিকাভুক্ত আছেন বা তালিকাভুক্ত হইতে চাহেন সেই এলাকার জেলা, উপজেলা বা থানা নির্বাচন কার্যালয়, এবং কমিশন কর্তৃক, সময় সময়, নির্ধারিত কোন অস্থায়ী কার্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **ভোটার হইবার যোগ্য নাগরিকের পরিচয় নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র প্রদান।**—(১) ভোটার তালিকা আইন ও উহার অধীন প্রণীত বিধিমালা অনুসারে ভোটার হিসাবে তালিকাভুক্ত নাগরিকের ভোটার তালিকা প্রণয়ন, সংশোধন অথবা হালনাগাদকরণকালে পূরণকৃত ও তদ্‌কর্তৃক স্বাক্ষরিত নিবন্ধন ফরম উক্ত নাগরিকের পরিচয় নিবন্ধনের আবেদনরূপে গণ্য হইবে এবং কমিশন ফরম-২ অনুসারে তাহাকে জাতীয় পরিচয়পত্র প্রদান করিবে।

(২) ভোটার হইবার যোগ্য কোন নাগরিক ভোটার হিসাবে তালিকাভুক্ত না হইলে তাহাকে পরিচয় নিবন্ধনের জন্য ফরম **১** অনুসারে কমিশন বা স্থানীয় কার্যালয়ে সরাসরি অথবা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন সরাসরি বা অনলাইনে দাখিলকৃত আবেদনপত্র এবং উহার সহিত সংযুক্ত দলিলাদি প্রাপ্তির পর নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিতে হইবে, যথা ঃ—

(ক) সরাসরি আবেদনের ক্ষেত্রে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ফরম-**১** এর অংশ-ক স্বাক্ষরকরত উহা আবেদনকারীকে ফেরত প্রদান করিবেন অথবা অনলাইনে আবেদনের ক্ষেত্রে, সংশ্লিষ্ট আবেদনকারীর মোবাইল নম্বর বা ই-মেইল ঠিকানায় অংশ-ক প্রেরণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদনপত্রে কোন ত্রুটি বা অসম্পূর্ণতা পরিলক্ষিত হইলে তিনি অংশ-ক এ উহা উল্লেখপূর্বক উক্ত ত্রুটি বা অসম্পূর্ণতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবার নিমিত্ত আবেদনকারীকে আবেদনপত্রটি ফেরত প্রদান করিবেন এবং আবেদনকারী উক্ত ত্রুটি বা অসম্পূর্ণতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়া যথাশীঘ্র সম্ভব আবেদনপত্র পুনরায় দাখিল করিবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে আবেদনকারীর বায়োমেট্রিক ফিচার প্রদানের জন্য তারিখ নির্ধারণপূর্বক অংশ-ক প্রদান করিবেন ঃ

আরও শর্ত থাকে যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজন মনে করিলে আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য কোন দালিলিক প্রমাণ সরবরাহের জন্য অংশ-ক এ উল্লেখপূর্বক উহা আবেদনকারীকে প্রদান করিবেন এবং বায়োমেট্রিক ফিচার প্রদানের জন্য নির্ধারিত তারিখের পূর্বে আবেদনকারীকে উহা সরবরাহ করিতে হইবে;

(খ) অংশ-ক এ উল্লিখিত তারিখে সংশ্লিষ্ট আবেদনকারীকে কমিশন বা, ক্ষেত্রমত, স্থানীয় কার্যালয়ে উপস্থিত হইয়া বায়োমেট্রিক ফিচার প্রদানসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিতে হইবে;

(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারী বায়োমেট্রিক ফিচার গ্রহণের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিবেন এবং ফরম-১ এর অংশ-খ স্বাক্ষরকরত উহা আবেদনকারীকে প্রদান করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর কমিশন কর্তৃক ফরম-২ অনুসারে জাতীয় পরিচয়পত্র প্রস্তুত করা হইবে এবং আবেদনকারীকে অংশ-খ এ উল্লিখিত তারিখে উহা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

৪। **ভোটার হইবার যোগ্য নহেন নাগরিকের পরিচয় নিবন্ধন ও জাতীয় পরিচয়পত্র প্রদান।**—(১) ভোটার হইবার যোগ্য নহেন কোন নাগরিকের পরিচয় নিবন্ধনের জন্য তাহাকে বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফরম-৩ অনুসারে কমিশন বা স্থানীয় কার্যালয়ে সরাসরি অথবা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সরাসরি বা অনলাইনে দাখিলকৃত আবেদনপত্রসহ উহার সহিত সংযুক্ত দালিলাদি প্রাপ্তির পর নিম্নবর্ণিত পদক্ষেপ গ্রহণ করিতে হইবে, যথা ঃ—

(ক) সরাসরি আবেদনের ক্ষেত্রে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ফরম-৩ এর অংশ-ক স্বাক্ষরকরত উহা আবেদনকারীকে বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফেরত প্রদান করিবেন অথবা অনলাইনে আবেদনের ক্ষেত্রে, সংশ্লিষ্ট আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবকের মোবাইল নম্বর বা ই-মেইল ঠিকানায় অংশ-ক প্রেরণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদনপত্রে কোন ত্রুটি বা অসম্পূর্ণতা পরিলক্ষিত হইলে তিনি অংশ-ক এ উহা উল্লেখপূর্বক উক্ত ত্রুটি বা অসম্পূর্ণতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবার নিমিত্ত আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে আবেদনপত্রটি ফেরত প্রদান করিবেন এবং আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক উক্ত ত্রুটি বা অসম্পূর্ণতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়া যথাশীঘ্র সম্ভব আবেদনপত্র পুনরায় দাখিল করিবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে আবেদনকারীর বায়োমেট্রিক ফিচার প্রদানের জন্য তারিখ নির্ধারণপূর্বক অংশ-ক প্রদান করিবেন ঃ

আরও শর্ত থাকে যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রয়োজন মনে করিলে আবেদনে উল্লিখিত তথ্যাদির সঠিকতা যাচাইয়ের জন্য কোন দালিলিক প্রমাণ সরবরাহের জন্য অংশ-ক এ উল্লেখপূর্বক উহা আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে প্রদান করিবেন এবং বায়োমেট্রিক ফিচার প্রদানের জন্য নির্ধারিত তারিখের পূর্বে আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে উহা সরবরাহ করিতে হইবে;

(খ) সংশ্লিষ্ট আবেদনকারীকে অংশ-ক এ উল্লিখিত তারিখে কমিশন বা, ক্ষেত্রমত, স্থানীয় কার্যালয়ে উপস্থিত হইয়া বায়োমেট্রিক ফিচার প্রদানসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিতে হইবে;

(গ) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীর বায়োমেট্রিক ফিচার গ্রহণের জন্য প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিবেন এবং ফরম-৩ এর অংশ-খ স্বাক্ষরকরত উহা আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর কমিশন কর্তৃক ফরম-৪ অনুসারে জাতীয় পরিচয়পত্র প্রস্তুত করা হইবে এবং আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে অংশ-খ এ উল্লিখিত তারিখে প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(৪) উপ-বিধি (১), (২) ও (৩) এ যাহা কিছুই থাকুক না কেন, কমিশন ভোটার হইবার যোগ্য নহেন এইরূপ সকল নাগরিকের পরিচয় নিবন্ধন এবং জাতীয় পরিচয়পত্র প্রদানের জন্য দেশব্যাপী কর্মসূচী গ্রহণ করিতে পারিবে।

৫। **জাতীয় পরিচয়পত্র নবায়ন।**—(১) আইনের ধারা ৭ এর উপ-ধারা (২) এর উদ্দেশ্য পূরণকল্পে জাতীয় পরিচয়পত্র নবায়নের জন্য প্রত্যেক নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফরম-৫ অনুযায়ী সরাসরি অথবা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে হইবে।

(২) উপ-বিধি (১) এর অধীন সরাসরি আবেদনের ক্ষেত্রে, বিধি ৮ এর উপ-বিধি (২) অনুসারে ফি পরিশোধপূর্বক রশিদের কপি আবেদনের সহিত সংযুক্ত করিয়া "জরুরি" বা "সাধারণ" হিসাবে দাখিল করিতে হইবে অথবা অনলাইনে আবেদনের ক্ষেত্রে, ফি পরিশোধপূর্বক রশিদের স্ক্যানকৃত কপি ইলেকট্রনিক পদ্ধতিতে "জরুরি" বা "সাধারণ" হিসাবে দাখিল করিতে হইবে।

(৩) "জরুরি" আবেদন কমিশনে এবং "সাধারণ" আবেদন স্থানীয় কার্যালয়ে দাখিল করিতে হইবে এবং আবেদনপত্র প্রাপ্তির পর দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদন ফরম এর অংশ-ক স্বাক্ষরকরত উহা আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফেরত প্রদান করিবেন অথবা অনলাইনে আবেদনের ক্ষেত্রে, আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক বরাবর মোবাইল নম্বর বা ই-মেইল ঠিকানায় অংশ-ক প্রেরণ করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট আবেদনপত্রে কোন ত্রুটি বা অসম্পূর্ণতা পরিলক্ষিত হইলে তিনি অংশ-ক এ উহা উল্লেখপূর্বক উক্ত ত্রুটি বা অসম্পূর্ণতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিবার নিমিত্ত আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে আবেদনপত্রটি ফেরত প্রদান করিবেন এবং আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবক উক্ত ত্রুটি বা অসম্পূর্ণতা দূরীকরণের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিয়া যথাশীঘ্র সম্ভব আবেদনপত্র পুনরায় দাখিল করিবেন এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সন্তুষ্ট হইলে আবেদনকারীর বায়োমেট্রিক ফিচার প্রদানের জন্য তারিখ নির্ধারণপূর্বক অংশ-ক প্রদান করিবেন।

(৪) সংশ্লিষ্ট আবেদনকারীকে অংশ-ক এ উল্লিখিত তারিখে কমিশন বা, ক্ষেত্রমত, স্থানীয় কার্যালয়ে উপস্থিত হইয়া বায়োমেট্রিক ফিচার প্রদানসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিতে হইবে।

(৫) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আবেদনকারীর বায়োমেট্রিক ফিচার গ্রহণসহ প্রয়োজনীয় সকল পদক্ষেপ সম্পন্ন করিবেন এবং আবেদন ফরম এর অংশ-খ স্বাক্ষরকরত উহা আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে প্রদান করিবেন।

(৬) উপ-বিধি (৩), (৪) ও (৫) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর কমিশন অংশ-খ এ উল্লিখিত তারিখে, পুরাতন জাতীয় পরিচয়পত্র ফেরত প্রদান সাপেক্ষে, পুরাতন জাতীয় পরিচয়পত্র নবায়নপূর্বক আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফরম-২ বা, ক্ষেত্রমত, ফরম ৪ অনুসারে একই নম্বরে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদানের ব্যবস্থা করিবে।

(৭) আবেদনের তারিখ হইতে, "জরুরি" আবেদনের ক্ষেত্রে, ৭ (সাত) কার্যদিবস এবং "সাধারণ" আবেদনের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে জাতীয় পরিচয়পত্র নবায়নক্রমে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদান করা হইবে।

৬। **হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদান।**—(১) কোন নাগরিকের জাতীয় পরিচয়পত্র হারাইয়া গেলে বা অন্য কোনোভাবে নষ্ট হইয়া গেলে উক্ত নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে অনতিবিলম্বে নিকটস্থ থানায় ভোটার নম্বর বা, ক্ষেত্রমত, জাতীয় পরিচিতি নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক একটি সাধারণ ডায়েরি করিতে হইবে।

(২) আইনের ধারা ৯ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে উক্ত নাগরিক বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে উপ-বিধি (১) এ উল্লিখিত সাধারণ ডায়েরির কপিসহ ফরম-৬ অনুযায়ী সরাসরি অথবা কমিশনের ওয়েবসাইটের মাধ্যমে অনলাইনে আবেদন করিতে হইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন সরাসরি আবেদনের ক্ষেত্রে, বিধি ৮ এর উপ-বিধি (২) অনুসারে ফি পরিশোধপূর্বক রশিদের কপি আবেদনের সহিত সংযুক্ত করিয়া "জরুরি" বা "সাধারণ" হিসাবে দাখিল করিতে হইবে অথবা অনলাইনে আবেদনের ক্ষেত্রে, ফি পরিশোধপূর্বক রশিদের স্ক্যানকৃত কপি ইলেকট্রনিক পদ্ধতিতে "জরুরি" বা "সাধারণ" হিসাবে দাখিল করিতে হইবে।

(৪) উপ-বিধি (২) ও (৩) এর অধীন আবেদন প্রাপ্তির পর বিধি ৫ এর উপ-বিধি (৩) হইতে উপ-বিধি (৫) এ বর্ণিত পদক্ষেপ গ্রহণ করিতে হইবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন কার্যক্রম সম্পন্ন হইবার পর কমিশন অংশ-খ এ উল্লিখিত তারিখে আবেদনকারী বা, ক্ষেত্রমত, তাহার আইনানুগ অভিভাবককে ফরম-২ বা, ক্ষেত্রমত, ফরম ৪ অনুসারে একই নম্বর ও মেয়াদে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদানের ব্যবস্থা করিবে।

(৬) আবেদনের তারিখ হইতে, "জরুরি" আবেদনের ক্ষেত্রে ৭ (সাত) কার্যদিবস এবং "সাধারণ" আবেদনের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নূতন জাতীয় পরিচয়পত্র প্রদান করা হইবে।

৭। **দলিলাদি বিনষ্টকরণ।**—কমিশন Destruction of Records Act, 1917 (Act No. V of 1917) এর বিধান অনুযায়ী মেয়াদোত্তীর্ণ বা অপ্রয়োজনীয় জাতীয় পরিচয়পত্র এবং দলিলাদি বিনষ্টকরণের ব্যবস্থা গ্রহণ করিতে পারিবে।

৮। **ফি, ইত্যাদি।**—(১) জাতীয় পরিচয়পত্র নবায়ন, হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্রের আবেদনের ক্ষেত্রে নিম্ন টেবিলে উল্লিখিত ফি প্রদান করিতে হইবে, যথা :—

**টেবিল**

| ক্রমিক নং | কার্যসমূহ | প্রদেয় ফিসমূহ (টাকা) | |
|---|---|---|---|
| | | সাধারণ | জরুরি |
| ১। | জাতীয় পরিচয়পত্র নবায়ন | ১০০ (একশত) | ১৫০ (একশত পঞ্চাশ) |
| ২। | হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্র প্রাপ্তি | | |
| | প্রথম বার আবেদন | ২০০ (দুই) শত | ৩০০ (তিন) শত |
| | দ্বিতীয় বার আবেদন | ৩০০ (তিন) শত | ৫০০ (পাঁচ) শত |
| | পরবর্তী যে কোন বার আবেদন | ৫০০ (পাঁচ) শত | ১০০০ (এক) হাজার |

(ফিসমূহ অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের স্মারক নং-০৭.১৪৩.০৪৫.০০.০০.০০৪.২০০৭-১১৭, তারিখ ঃ ১২-০৬-২০১৪ এর মাধ্যমে প্রদত্ত মতামত/অনুমোদন অনুযায়ী নির্ধারিত)

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত ফি "সচিব, নির্বাচন কমিশন" এর অনুকূলে পে অর্ডার বা ব্যাংক ড্রাফট এর মাধ্যমে অথবা কমিশন কর্তৃক নির্দিষ্টকৃত নম্বরে মোবাইল ব্যাংকিং বা অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে।

**নির্বাচন কমিশন বাংলাদেশ**

**ফরম-১**

**ভোটার হইবার যোগ্য নাগরিকের পরিচয় নিবন্ধনের আবেদন**

**[জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৩(২) ও ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর বিধি-১০ দ্রষ্টব্য]**

ফরম নম্বরঃ ☐

১। ভোটার এলাকার নাম ঃ .......................... ২। ভোটার এলাকার নম্বরঃ ☐☐☐☐

৩। নাম (বাংলায়) ঃ ..........................................................................................

৪। নাম (ENGLISH বড় অক্ষরে) ঃ ...........................................................................

৫। জন্ম নিবন্ধন নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

দিন মাস বছর

৬। জন্ম তারিখ ঃ ☐☐☐☐☐☐☐☐ ৭। জন্ম স্থান (জেলা) ঃ ......................

৮। জাতীয়তা ঃ ..........................................................................................

৯। পিতার নাম ঃ ..........................................................................................

১০। পিতার NID নম্বর ঃ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ প্রযোজ্য নহেঃ ☐

অথবা ভোটার নম্বর ঃ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ১১। পিতা মৃত হইলে মৃত্যুর সনঃ ☐☐☐☐

১২। মাতার নাম ঃ ..........................................................................................

১৩। মাতার NID নম্বরঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ প্রযোজ্য নহেঃ ☐

অথবা ভোটার নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ১৪। মাতা মৃত হইলে মৃত্যুর সনঃ ☐☐☐☐

১৫। লিঙ্গ ঃ ☐ পুরুষ ☐ মহিলা ☐ হিজড়া

১৬। বৈবাহিক অবস্থা ঃ ☐ অবিবাহিত ☐ বিবাহিত ☐ তালাকপ্রাপ্ত ☐ বিধবা ☐ বিপত্নীক

১৭। স্বামী/স্ত্রীর নাম ঃ ............................................................................ প্রযোজ্য নহেঃ ☐

১৮। স্বামী/স্ত্রীর NID নম্বরঃ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ প্রযোজ্য নহেঃ ☐

**দ্রষ্টব্য ঃ** একাধিক স্ত্রী থাকিলে পৃথক কাগজে প্রত্যেকের নামসহ জাতীয় পরিচয়পত্রের নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক সংযুক্ত করিতে হইবে।

১৯। ☐ স্বামী ☐ স্ত্রী মৃত হইলে মৃত্যুর সন ঃ ☐☐☐☐

২০। শিক্ষাগত যোগ্যতা ঃ ...................................................... ২১। পেশা ঃ ..................

২২। অসামর্থতা/প্রতিবন্ধিতার প্রকৃতি (√ দিন) ঃ ☐ প্রযোজ্য নয় ☐ অটিজম বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারস ☐ মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা ☐ দৃষ্টি প্রতিবন্ধিতা ☐ শারীরিক প্রতিবন্ধিতা শ্রবণ প্রতিবন্ধিতা ☐ শ্রবণ-দৃষ্টি প্রতিবন্ধিতা ☐ বাক প্রতিবন্ধিতা ☐ সেরিব্রাল পলজি ☐ ডাউন সিনড্রোম ☐ বহুমাত্রিক প্রতিবন্ধিতা ☐ অন্যান্য .............................................

২৩। দৃশ্যমান সনাক্তকরণ চিহ্ন (যদি থাকে) ঃ ..................................................................

২৪। রক্তের গ্রুপ (যদি জানা থাকে) (√ দিন) ঃ

| A+ | A- | B+ | B- | AB+ | AB- | O + | O- |
|---|---|---|---|---|---|---|---|

**দ্রষ্টব্য ঃ** পিতা/মাতা/স্বামী/স্ত্রী ২০০৭ এর পর মৃত্যুবরণ করিয়া থাকিলে ভোটার তালিকা বিধিমালা, ২০১২ এর ফরম-১২ পূরণ করিতে হইবে।

২৫। ঠিকানা ঃ

(ক) বর্তমান ঠিকানা ঃ বিভাগ ঃ .............. জেলা ঃ ................ উপজেলা/থানা ঃ ............

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্টঃ বোর্ড ঃ ..........ওয়ার্ড নম্বরঃ .......... মৌজা ঃ......

গ্রাম/মহল্লা/রাস্তার নামঃ ........ বাসা/হোল্ডিং নম্বরঃ ........ ডাকঘর ঃ ......... পোস্ট কোড ঃ ☐☐☐☐

আর.এম.ও. ঃ ☐ পল্লী ☐ পৌরসভা ☐ সিটি কর্পোরেশন ☐ শহর ☐ অন্য এলাকা

(খ) স্থায়ী ঠিকানা ঃ বিভাগ ঃ ............. জেলা ঃ ..............উপজেলা/থানা ঃ ............................

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্টঃ বোর্ড ঃ ..........ওয়ার্ড নম্বরঃ .......... মৌজা ঃ ......

গ্রাম/মহল্লা/রাস্তার নামঃ ........ বাসা/হোল্ডিং নম্বরঃ ........ ডাকঘর ঃ ......... পোস্ট কোড ঃ ☐☐☐☐

আর.এম.ও. ঃ ☐ পল্লী ☐ পৌরসভা ☐ সিটি কর্পোরেশন ☐ শহর ☐ অন্য এলাকা

২৬। যে ঠিকানায় ভোটার হইতে ইচ্ছুক ঃ ☐ বর্তমান ঠিকানা ☐ স্থায়ী ঠিকানা

২৭। TIN: (যদি থাকে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

২৮। ড্রাইভিং লাইসেন্স নম্বর (যদি থাকে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

২৯। পাসপোর্ট নম্বর (যদি থাকে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

৩০। টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ .................................. ৩১। মোবাইল ফোন নম্বর ঃ ............

৩২। ধর্ম (√ দিন) ঃ ☐ ইসলাম ☐ হিন্দু ☐ বৌদ্ধ ☐ খ্রিস্টান ☐ অন্যান্য ঃ

........................

৩৩। বাদ পড়া ভোটারদের ক্ষেত্রে, বাদ পড়িবার কারণ ঃ ............................................................

৩৪। আবেদনকারীর প্রত্যয়ন ঃ আমি বাংলাদেশের নাগরিক এবং ক্রমিক নং ১-৩৩ পর্যন্ত তথ্য আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য।

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি ঃ ......................

৩৫। সনাক্তকারীর NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৩৬। স্বাক্ষর ঃ.....

৩৭। তথ্য সংগ্রহকারীর NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৩৮। স্বাক্ষর ঃ......

৩৯। সুপারভাইজারের NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৪০। স্বাক্ষর ঃ......

৪১। যাচাইকারীর নাম ঃ ..................................................................................................

৪২। যাচাইকারীর NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৪৩। স্বাক্ষর ঃ......

৪৪। আবেদনকারীর ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর (নিবন্ধন কেন্দ্রে প্রদান করিতে হইবে)

আবেদনকারীর প্রত্যয়ন ঃ কম্পিউটারে আমার সকল ডাটার সঠিক এন্ট্রি নিশ্চিত করিলাম।

(আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি) ঃ ................. তারিখ ঃ ..........

৪৫। ডাটা এন্ট্রি অপারেটরের NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৪৬। স্বাক্ষর ঃ....

৪৭। নিবন্ধন/সহকারী নিবন্ধন কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ ঃ ........................................................

**আবেদনকারীর জন্য নির্দেশাবলী ঃ**

(১) আবেদনকারীর আবেদনপত্র দাখিলের সময় অথবা অংশ-ক এ উল্লিখিত তারিখে বায়োমেট্রিক ফিচার প্রদানের নিমিত্ত তথা ঃ ছবি তোলা, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর প্রদানের জন্য কমিশনের স্থানীয় কার্যালয়ে ব্যক্তিগতভাবে উপস্থিত থাকিতে হইবে।

(২) আবেদনপত্র দাখিলের সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রয়োজনে, আবেদনকারীর ব্যক্তিগত শুনানি গ্রহণ এবং প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) আবেদনকারীর আবেদনপত্রের সহিত তাহার জন্ম নিবন্ধন সনদ/পিএসসি/জেএসসি/এসএসসি বা সমতুল্য সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে। নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সত্যায়ন করিতে পারিবেন ঃ (ক) সংসদ সদস্য, (খ) স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধি, (গ) গেজেটেড সরকারি কর্মকর্তা এবং (ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

(৪) কোন নাগরিক কর্তৃক একাধিক জাতীয় পরিচয়পত্র গ্রহণ আইনত দণ্ডনীয় অপরাধ।

(৫) আবেদনের কোন ত্রুটি (যদি থাকে) নির্ধারিত তারিখের মধ্যে দূরীকরণ না করিলে আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

**অংশ-খ (ফরম-১)**

**(জাতীয় পরিচয়পত্র প্রদানের রশিদ)**

**[ বিধি-৩ (৩) ও (৪) দ্রষ্টব্য ]**

ফরম নম্বর ঃ | | | | |

১। জাতীয় পরিচয়পত্র প্রদানের স্থান ও তারিখ ঃ ..............................................................

২। ডাটা এন্ট্রি অপারেটরের/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ ঃ ....................................

(অংশ-খ সংরক্ষণ করুন)

..........................................................................................................................

**অংশ-ক (ফরম-১)**

**(প্রাপ্তি স্বীকার রশিদ)**

**[ বিধি-৩ (৩) ও (৪) দ্রষ্টব্য ]**

ফরম নম্বর ঃ | | | | |

ভোটার এলাকার নম্বর ঃ

১। আবেদনকারীর নাম ঃ .....................................................................................

২। নিবন্ধন কেন্দ্র ঃ ...........................................................................................

৩। আবেদনে নিম্নবর্ণিত ত্রুটি রহিয়াছে, যাহা দূরীকরণ আবশ্যক, যথা ঃ

(ক) ..............................................................................................

(খ) ..............................................................................................

৪। বায়োমেট্রিক ফিচার প্রদানের নিমিত্ত উপস্থিতির স্থান, তারিখ ও সময় ঃ ..............................

৫। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ ঃ ..................................................................

(অংশ-ক সংরক্ষণ করুন)

**নির্বাচন কমিশন বাংলাদেশ**

**ফরম-২**

**ভোটার হইবার যোগ্য এইরূপ নাগরিকের জাতীয় পরিচয়পত্রের নমুনা**

**[ জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৩(১), বিধি ৩(৪), ৫(৬) ও বিধি ৬(৫) দ্রষ্টব্য ]**

**সম্মুখ পৃষ্ঠা**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মনোগ্রাম

Government of the People's Republic of Bangladesh

জাতীয় পরিচয়পত্র/National ID Card

নাম ঃ (বাংলা) ..................................

(ইংরেজি) ..................................

ছবি

স্বাক্ষর/টিপসহি

পিতার নামঃ ....................................

মাতার নামঃ ....................................

স্বামী/স্ত্রীর নামঃ .................................

জন্ম তারিখঃ (ইংরেজি) ........................

NID No. .........................................

**পশ্চাৎ পৃষ্ঠা**

যথাযথ কারণ ব্যতীত পরিচয়পত্রধারী ভিন্ন অন্য কোন ব্যক্তির অত্র পরিচয়পত্র ধারণ/বহন শাস্তিযোগ্য অপরাধ। জাতীয় পরিচয়পত্রটি কোথাও পাওয়া গেলে নিকটস্থ জেলা/উপজেলা/থানা নির্বাচন অফিস/ থানায় জমা দিন।

রক্তের গ্রুপ ঃ .................(যদি থাকে)

ঠিকানা ঃ ..............................................

..............................................

(ডিজিটাল ডাটা চিপ, জলছাপ, মাইক্রোটেক্সট ও অন্যান্য সিকিউরিটি ফিচার)

............................

(প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর) প্রদানের তারিখ..............

বারকোড

**নির্বাচন কমিশন বাংলাদেশ**

**ফরম-৩**

**ভোটার হইবার যোগ্য নহেন এইরূপ নাগরিকের পরিচয় নিবন্ধনের আবেদন**

**[জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৪(১) দ্রষ্টব্য]**

ফরম নম্বর ঃ ................

১। নাম (বাংলায়) ঃ ...................................................................

২। নাম (ইংরেজি বড় অক্ষরে) ঃ ...................................................................

৩। জন্ম তারিখ ঃ .............................. ৪। জন্ম স্থান জেলা) ঃ..................

৫। জন্ম নিবন্ধন নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

৬। জাতীয়তা ঃ ...................................................................

৭। পিতার নাম (বাংলা) ঃ ...................................................................

(ইংরেজি) ঃ ...................................................................

৮। পিতার NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

অথবা ভোটার নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

৯। পিতা মৃত হইলে মৃত্যুর সন ঃ ...................................................................

১০। মাতার নাম (বাংলা) ঃ ...................................................................

(ইংরেজি) ঃ ...................................................................

১১। মাতার NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

অথবা ভোটার নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

১২। মাতা মৃত হইলে মৃত্যুর সন ঃ ...................................................................

১৩। স্বামী/স্ত্রীর নাম (প্রযোজ্য ক্ষেত্রে ঃ ...................................................................

১৪। স্বামী/স্ত্রীর NID নম্বরঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

অথবা ভোটার নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

**দ্রষ্টব্য ঃ** একাধিক স্ত্রী থাকিলে পৃথক কাগজে প্রত্যেকের নামসহ জাতীয় পরিচয়পত্রের নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক সংযুক্ত করিতে হইবে।

১৫। স্বামী/স্ত্রী মৃত হইলে মৃত্যুর সন (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ..............................................................

১৬। আঠারো বৎসরের কম বয়স্ক কিংবা আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত ব্যক্তির পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের (প্রযোজ্য ক্ষেত্রে)—

(ক) নাম ঃ ..............................................................................

(খ) NID নম্বর ঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

১৭। লিঙ্গ (√ দিন) ঃ ☐ পুরুষ ☐ মহিলা ☐ হিজরা

১৮। বৈবাহিক অবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ ☐ অবিবাহিত ☐ বিবাহিত ☐ তালাকপ্রাপ্ত ☐ বিধবা ☐ বিপত্নীক

১৯। শিক্ষাগত যোগ্যতা (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ ......................................................................

২০। পেশা (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ ......................................................................................

২১। অসামর্থতা/প্রতিবন্ধিতার প্রকৃতি (√ দিন) ঃ ☐ প্রযোজ্য নহে ☐ অটিজম বা অটিজম স্পেকট্রাম ডিজঅর্ডারস ☐ মানসিক অসুস্থতাজনিত প্রতিবন্ধিতা ☐ দৃষ্টি প্রতিবন্ধিতা ☐ শারীরিক প্রতিবন্ধিতা ☐ শ্রবণ প্রতিবন্ধিতা ☐ শ্রবণ-দৃষ্টি-প্রতিবন্ধিতা ☐ বাক প্রতিবন্ধিতা ☐ সেরিব্রাল পলজি ☐ ডাউন সিনড্রোম ☐ বহুমাত্রিক প্রতিবন্ধিতা ☐ অন্যান্য প্রতিবন্ধিতা ........................................................................

২২। দৃশ্যমান সনাক্তকরণ চিহ্ন ঃ ..................................................................................

২৩। রক্তের গ্রুপ (যদি জানা থাকে) (√ দিন) ঃ ☐ A+ ☐ A- ☐ B+ ☐ B- ☐ AB+ ☐ AB- ☐ O+ ☐ O-

২৪। বর্তমান ঠিকানা ঃ

বিভাগ ঃ ------------------ জেলা ঃ -------------------উপজেলা/থানা ঃ ----------------------

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্ট ঃ বোর্ড ঃ -------- ওয়ার্ড নম্বর ঃ------ মৌজা ঃ-----------

গ্রাম/মহল্লা/রাস্তার নাম ঃ -----------------বাসা/হোল্ডিং নম্বর ঃ ----------- ডাকঘর ঃ ------------

পোস্ট কোড ঃ ☐☐☐☐ আর. এম. ও. ঃ ☐ পল্লী ☐ পৌরসভা ☐

সিটি কর্পোরেশন ☐ শহর ☐ অন্য এলাকা --------------------

২৫। স্থায়ী ঠিকানা ঃ

বিভাগ ঃ ----------------- জেলা ঃ -----------------উপজেলা/থানা ঃ ------------------------

সিটি কর্পোরেশন/পৌরসভা/ইউনিয়ন/ক্যান্ট ঃ বোর্ড ঃ -------- ওয়ার্ড নম্বরঃ----- মৌজা ঃ-----------

গ্রাম/মহল্লা/রাস্তার নাম ঃ -----------------বাসা/হোল্ডিং নম্বর ঃ --------- ডাকঘর ঃ --------------

পোস্ট কোড ঃ ☐☐☐☐ আর. এম. ও ঃ ☐ পল্লী ☐ পৌরসভা ☐

সিটি কর্পোরেশন ☐ শহর ☐ অন্য এলাকা --------------------

২৬। ধর্ম ঃ ☐ ইসলাম ☐ হিন্দু ☐ বৌদ্ধ ☐ খ্রিস্টান ☐ অন্যান্য ঃ ----------------

২৭। পার্সপোর্ট (যদি থাকে) ঃ -------------------২৮। টেলিফোন নম্বর (যদি থাকে) ঃ-----------------

২৯। মোবাইল ফোন নম্বর ঃ -----------------------------------------------------------------------

৩০। ভোটার হইবার অযোগ্যতার কারণ (অপ্রয়োজনীয় অংশ কাটিয়া দিন ) ঃ

☐ আঠারো বছরের কম বয়স্ক ☐ আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত ☐ Bangladesh Collaborators (Special Tribunals) Order, ১৯৭২ (P. O. No. ৮ of ১৯৭২) অধীনে দণ্ডিত ☐ International Crimes (Tribunals) Act, 1973 (Act, No. XIX of 1973) এর অধীনে দণ্ডিত ☐ অন্যান্য ঃ ------------------------------------------------------------------

তারিখ ঃ -------------- ---------------

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি।

৩১। পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের প্রত্যয়ন ঃ

অত্র আবেদনপত্রের উল্লিখিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য।

তারিখ ঃ -------------- ---------------

পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি।

৩২। সনাক্তকারীর নাম ঃ ---------------------------------------------------------------------

৩৩। সনাক্তকারীর NID নম্বরঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৩৪। স্বাক্ষরঃ -------

৩৫। যাচাইকারীর নাম ঃ ----------------------------------------------------------------------

৩৬। সনাক্তকারীর NID নম্বরঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐ ৩৭। স্বাক্ষরঃ -------

৩৮।আবেদনকারীর ছবি, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর (নিবন্ধন কেন্দ্রে প্রদান করিতে হইবে)

পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের প্রত্যয়নঃ কম্পিউটারে সকল ডাটার সঠিক এন্ট্রি নিশ্চিত করিলাম।

তারিখ ঃ -------------- ---------------

পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি

৩৯। ডাটা এন্ট্রি অপারেটরের NID নম্বরঃ ☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐☐

স্বাক্ষর ঃ---------------

৪০। দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ ঃ --------------------------------------------

**আবেদনকারী জন্য নির্দেশাবলী ঃ**

(১) আবেদনকারীর আবেদনপত্র দাখিলের সময় অথবা অংশ-ক এ উল্লিখিত তারিখে বায়োমেট্রিক ফিচার প্রদানের নিমিত্ত তথাঃ ছবি তোলা, আঙ্গুলের ছাপ ও স্বাক্ষর প্রদানের জন্য কমিশনের স্থানীয় কার্যালয়ে (ভোটার হইবার যোগ্য নহেন এইরূপ নাগরিক যেই এলাকায় বসবাস করেন, সেই এলাকার জেলা বা উপজেলা বা থানা নির্বাচন কার্যালয়; ইহা ছাড়া কমিশন কর্তৃক সময়ে সময়ে নির্ধারিত অস্থায়ী কেন্দ্রসমূহ ইহার অন্তর্ভুক্ত হইবে) ব্যক্তিগতভাবে উপস্থিত থাকিতে হইবে।

(২) আবেদনপত্র দাখিলের সময় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, প্রয়োজনে আবেদনকারীর ব্যক্তিগত শুনানি গ্রহণ এবং প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহের নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৩) আবেদনকারীর আবেদনপত্রের সহিত তাহার জন্ম নিবন্ধন/পিএসসি/জেএসি/এসএসসি সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হইবে।

নিম্নবর্ণিত ব্যক্তিবর্গ সত্যায়ন করিতে পারিবেন ঃ (ক) সংসদ সদস্য, (খ) স্থানীয় সরকারের নির্বাচিত জনপ্রতিনিধি, (গ) গেজেটেড সরকারি কর্মকর্তা, এবং (ঘ) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান।

(৪) আঠারো বৎসরের কম বয়স্ক কিংবা আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত ব্যক্তির পিতা/মাতা/ আইনানুগ অভিভাবকপত্র আবেদনপত্রে স্বাক্ষর করিবেন। আবেদনপত্রের সহিত উক্ত পিতা/মাতা/ আইনানুগ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অবশ্যই জমা দিতে হইবে।

(৫) কোন নাগরিক কর্তৃক একাধিক জাতীয় পরিচয়পত্র গ্রহণ আইনত দণ্ডনীয় অপরাধ।

(৬) আবেদনের কোন ত্রুটি (যদি থাকে) নির্ধারিত তারিখের মধ্যে দূরীকরণ না করিলে আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

**অংশ খ (ফরম-৩)**

**[ বিধি ৪(২) দ্রষ্টব্য ]**

**(জাতীয় পরিচয়পত্র প্রদানের রসিদ)**

ফরম নম্বর ঃ-----------------

১। জাতীয় পরিচয়পত্র প্রদানের স্থান ও তারিখ ঃ ---------------------------------------------

২। ডাটা এন্ট্রি অপারেটরের/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ ঃ ----------------------------

(অংশ-খ সংরক্ষণ করুন)

---

**অংশ ক (ফরম-৩)**

**[বিধি ৪(২) দ্রষ্টব্য]**

**(আবেদনপত্র প্রাপ্তি স্বীকার রসিদ)**

ফরম নম্বর ঃ-----------------

১। আবেদনকারীর নাম ঃ ------------------------------------------------------------------

২। পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে )ঃ --------------------------------

৩। আবেদনে নিম্নবর্ণিত ত্রুটি রহিয়াছে, যাহা দূরীকরণ আবশ্যক, যথা ঃ

(ক) -------------------------------------------------------------------------------

(খ) --------------------------------------------------------------------------------

৪। বায়োমেট্রিক ফিচার প্রদানের নিমিত্ত উপস্থিতির স্থান, তারিখ ও সময় ঃ -----------------------

-------------------------

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

(সিলমোহর) (অংশ-ক সংরক্ষণ করুন)

**নির্বাচন কমিশন বাংলাদেশ**

**ফরম -৪**

**ভোটার হইবার যোগ্য নহেন এইরূপ নাগরিকের জাতীয় পরিচয়পত্রের নমুনা**

**[জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৪(৩), বিধি ৫(৬) ও বিধি ৬(৫) দ্রষ্টব্য]**

| সম্মুখ পৃষ্ঠা | পশ্চাৎ পৃষ্ঠা |
|---|---|
| মনোগ্রাম<br>**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**<br>**Government of the people's Repulic of Bangladesh**<br><br>**জাতীয় পরিচয়পত্র/National ID Card**<br><br>ছবি<br>স্বাক্ষর/টিপসহি<br><br>নাম ঃ (বাংলা) -----------------------<br>(ইংরেজি) -----------------------<br>পিতার নাম ঃ ------------------------<br>মাতার নাম ঃ ------------------------<br>স্বামী/স্ত্রীর নাম ঃ ---------------------<br>জন্ম তারিখ ঃ (ইংরেজি) --------------<br><br>**NID No. ---------------------------** | যথাযথ কারণ ব্যতীত পরিচয়পত্রধারী/আইনানুগ অভিভাবক ভিন্ন অন্য কোন ব্যক্তির অত্র পরিচয়পত্র ধারণ/বহন শাস্তিযোগ্য অপরাধ। পরিচয়পত্রটি কোথাও পাওয়া গেলে নিকটস্থ জেলা/উপজেলা/থানা নির্বাচন অফিস/থানায় জমা দিন।<br>রক্তের গ্রুপ ঃ -------------------- (যদি থাকে)<br>ঠিকানা ঃ ---------------------------------------<br>---------------------------------------<br>আঠারো বৎসরের কম বয়স্ক/অপ্রকৃতিস্থ পরিচয়পত্রধারী<br>------------ -------------<br>পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের নাম স্বাক্ষর<br><br>(ডিজিটাল ডাটা চিপ, জলছাপ, মাইক্রোটেক্সট ও অন্যান্য সিকিউরিটি ফিচার)<br>-----------<br>(প্রদানকারী কর্তৃপক্ষের স্বাক্ষর) প্রদানের তারিখ--------<br>বারকোড |

**নির্বাচন কমিশন বাংলাদেশ**

**ফরম-৫**

**জাতীয় পরিচয়পত্র নবায়নের আবেদন**

**[জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৫(১) দ্রষ্টব্য]**

ফরম নম্বর..........................(অফিস কর্তৃক পূরণীয়)

| জরুরি | সাধারণ |
|---|---|

১। নাম ঃ ..................................................................................................

২। জাতীয় পরিচিতি নম্বর ঃ ..................................................................................

৩। জাতীয় পরিচয়পত্র প্রদানের তারিখ ঃ ....................................................................

৪। আবেদনপত্রের সহিত ফি হিসাবে.........টাকা.........এর মাধ্যমে.......বরাবর দাখিল করা হইল।

তারিখ ঃ ............................ ...............................................

আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

৫। পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের প্রত্যয়ন ঃ

অত্র আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য।

........................................................

পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি

আবেদনকারীর জন্য নির্দেশাবলী ঃ

(১) আবেদনপত্রে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর কমিশনের ডাটাবেজে সংরক্ষিত আবেদনকারীর স্বাক্ষর অনুরূপ হইতে হইবে। আঠারো বৎসরের কম বয়স্ক/আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত জাতীয় পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, পিতা/মাতা/আইনানুগ অভিভাবক অত্র আবেদনপত্রে স্বাক্ষর করিবেন। আবেদনপত্রের সহিত উক্ত পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অবশ্যই জমা দিতে হইবে।

(২) আবেদনপত্রে আবদেনকারীর জাতীয় পরিচয়পত্রের মূল কপি অথবা অনুলিপি জমা দিতে হইবে।

(৩) আবেদনপত্রের সহিত জরুরি বা সাধারণ উল্লেখপূর্বক বিধি ৮ এর অধীন ফি জমা দিতে হইবে।

(৪) আবেদনের কোন ত্রুটি (যদি থাকে) নির্ধারিত তারিখের মধ্যে দূরীকরণ না করিলে আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

.........................................................................................................

**অংশ-খ (ফরম-৫)**

**[বিধি-৫(৫) দ্রষ্টব্য]**

**(জাতীয় পরিচয়পত্র প্রদানের রশিদ)**

ফরম নম্বর ঃ ...................

১। জাতীয় পরিচয়পত্র প্রদানের স্থান ও তারিখ ঃ..............................................................

২। ডাটা এন্ট্রি অপারেটরের/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর ও তারিখ ঃ.....................................

(অংশ-খ সংরক্ষণ করুন)

.......................................................................................................................

**অংশ-ক (ফরম-৫)**

**[বিধি-৫(৩) ও (৪) দ্রষ্টব্য]**

(আবেদনপত্র প্রাপ্তি স্বীকার রশিদ)

ফরম নম্বর ঃ................................

১। আবেদনকারীর নাম ঃ...............................................................................

২। পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ...........................................

৩। আবেদনে নিম্নবর্ণিত ত্রুটি রহিয়াছে, যাহা দূরীকরণ আবশ্যক, যথাঃ

(ক) .............................................................................................

(খ) ..............................................................................................

৪। বায়োমেট্রিক ফিচার প্রদানের নিমিত্ত উপস্থিতির স্থান, তারিখ ও সময় ঃ...............................

...................................

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

(সিলমোহর) (অংশ-ক সংরক্ষণ করুন)

## নির্বাচন কমিশন বাংলাদেশ

### ফরম-৬

### হারানো বা নষ্ট হইবার কারণে নূতন জাতীয় পরিচয়পত্র প্রাপ্তির জন্য আবেদন

**[জাতীয় পরিচয় নিবন্ধন বিধিমালা, ২০১৪ এর বিধি ৬(২) দ্রষ্টব্য]**

| জরুরি | সাধারণ |
|---|---|

ফরম নম্বর ঃ ......................(অফিস কর্তৃক পূরণীয়)

১। নাম ঃ.........................................................................................................

২। জন্ম নিবন্ধন নম্বর ঃ

৩। জন্ম তারিখ ঃ দিন মাস বছর

৪। ভোটার নম্বর/জাতীয় পরিচিতি নম্বর (NID) (যদি থাকে) ঃ

৫। ড্রাইভিং লাইসেন্স নম্বর (যদি থাকে) ঃ

৬। পাসপোর্ট নম্বর (যদি থাকে) ঃ

৭। পিতার নাম ঃ.........................................................................................

৮। পিতার NID নম্বর ঃ প্রযোজ্য নহে ঃ

অথবা ভোটার নম্বরঃ ৯। পিতা মৃত হইলে মৃত্যুর সনঃ

১০। মাতার নাম ঃ--------------------------------------------------------------------------

১১। মাতার NID নম্বর ঃ প্রযোজ্য নহে ঃ

অথবা ভোটার নম্বরঃ ১২। মাতা মৃত হইলে মৃত্যুর সনঃ

১৩। স্বামী/স্ত্রীর নাম ঃ.................................................................... প্রযোজ্য নহে ঃ

১৪। স্বামী/স্ত্রীর NID নম্বরঃ প্রযোজ্য নহেঃ

দ্রষ্টব্য ঃ একাধিক স্ত্রী থাকিলে পৃথক কাগজে প্রত্যেকের নামসহ জাতীয় পরিচয় পত্রের নম্বর (যদি থাকে) উল্লেখপূর্বক সংযুক্ত করতে হবে।

১৫। আবেদনপত্রের সহিত ফি হিসাবে ---------- টাকা ----------- এর মাধ্যমে --------- বরাবর দাখিল করা হইল।

তারিখ ঃ ---------------------------

-------------------------
আবেদনকারীর স্বাক্ষর/টিপসহি

১৬। পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের প্রত্যয়ন ঃ

অত্র আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সম্পূর্ণ সত্য।

-------------------------
পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের স্বাক্ষর/টিপসহি

**আবেদনকারীর জন্য নির্দেশাবলী ঃ**

(১) আবেদনপত্রে প্রদত্ত আবেদনকারীর স্বাক্ষর কমিশনের ডাটাবেজে সংরক্ষিত আবেদনকারীর স্বাক্ষরের অনুরূপ হইতে হইবে। আঠারো বৎসরের কম বয়স্ক/আদালত কর্তৃক অপ্রকৃতিস্থ ঘোষিত জাতীয় পরিচয়পত্রধারীর ক্ষেত্রে, পিতা/মাতা/আইনানুগ অভিভাবক অত্র আবেদনপত্রে স্বাক্ষর করিবেন। আবেদনপত্রের সহিত উক্ত পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের জাতীয় পরিচয়পত্রের অনুলিপি অবশ্যই জমা দিতে হইবে।

(২) জাতীয় পরিচয়পত্র হারাইয়া গিয়াছে বা নষ্ট হইয়াছে মর্মে থানায় রুজুকৃত সাধারণ ডায়েরি (জি.ডি.) তে সংশ্লিষ্ট পরিচয়পত্রধারীর ভোটার নম্বর/জাতীয় পরিচিতি নম্বর/নিবন্ধন ফরম নম্বর (যদি থাকে) উল্লেখ করিতে হইবে। ভোটার নম্বর/নিবন্ধন ফরম নম্বর জানা না থাকিলে, সংশ্লিষ্ট জেলা/উপজেলা/থানা নির্বাচন কার্যালয় হইতে সংগ্রহ করা যাইবে।

(৩) আবেদনপত্রের সহিত সাধারণ ডায়েরি (জি.ডি.) কপি সংযুক্ত করিতে হইবে।

(৪) আবেদনপত্রের সহিত হারানো বা নষ্ট জাতীয় পরিচয়পত্রের অনুলিপি (যদি থাকে) সংযুক্ত করিতে হইবে।

(৫) আবেদনপত্রের সহিত জরুরি বা সাধারণ উল্লেখপূর্বক বিধি ৮ অনুসরণ করিতে হইবে।

(৬) কোন নাগরিক কর্তৃক একাধিক জাতীয় পরিচয়পত্র গ্রহণ আইনত দণ্ডনীয় অপরাধ।

(৭) আবেনদপত্রের সহিত জন্ম নিবন্ধনের অনুলিপি দাখিল করিতে হইবে।

(৮) আবেদনের কোন ত্রুটি (যদি থাকে) নির্ধারিত তারিখের মধ্যে দূরীকরণ না করিলে আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।

**অংশ-খ ( (ফরম-৬)**

**[বিধি-৬(৪) ও (৫) দ্রষ্টব্য]**

**(জাতীয় পরিচয়পত্র প্রদানের রশিদ)**

ফরম নম্বর ঃ...................

১। জাতীয় পরিচয়পত্র প্রদানের স্থান ও তারিখ ঃ...........................................................

২। ডাটা এন্ট্রি অপারেটরের/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, স্বাক্ষর ও তারিখ ঃ..............................

(অংশ-খ সংরক্ষণ করুন)

.........................................................................................................................

**অংশ-ক (ফরম-৬)**

**[বিধি-৬(৪) দ্রষ্টব্য]**

(আবেদনপত্র প্রাপ্তি স্বীকার রশিদ)

ফরম নম্বর ঃ...............................

১। আবেদনকারীর নাম ঃ...........................................................................................

২। পিতা/মাতা/আইনানুগ অভিভাবকের নাম (প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

..........................................................................

৩। আবেদনে নিম্নবর্ণিত ত্রুটি রহিয়াছে, যাহা দূরীকরণ আবশ্যক, যথাঃ

(ক).................................................................................................................

(খ).................................................................................................................

৪। বায়োমেট্রিক ফিচার প্রদানের নিমিত্ত উপস্থিতির স্থান, তারিখ ও সময় ঃ...............................

...................................

(সিলমোহর) ....................................

(অংশ-ক সংরক্ষণ করুন) দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর

নির্বাচন কমিশনের আদেশক্রমে

**মোঃ সিরাজুল ইসলাম**
ভারপ্রাপ্ত সচিব

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd